দৈনিক
আমাদের সময়

তারিখ 01 DEC 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# শিক্ষা মন্ত্রণালয়ে নতুন দুই বিভাগ

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষা মন্ত্রণালয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নামে ভাগ করেছে সরকার। গতকাল সরকারি এক তথ্যবিবরণীতে শিক্ষা মন্ত্রণালয়কে দুই ভাগে ভাগ করে মন্ত্রিপরিষদ বিভাগের আদেশের কথা জানানো হয়।

রুলস অব বিজনেস অনুযায়ী প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়কে পুনর্গঠন করে এই মন্ত্রণালয়ের অধীন দুটি বিভাগ গঠন করেছেন।

নিয়মানুযায়ী এখন দুই বিভাগে দুজন সচিব নিয়োগ দেওয়া হবে। বর্তমানে মো. সোহরাব হোসাইন শিক্ষা মন্ত্রণালয়ের সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন। অতিসম্প্রতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীকে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব করায় ওই মন্ত্রণালয়ে সোহরাব হোসাইনের পদায়ন নিয়ে এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## শিক্ষা মন্ত্রণালয়ে

(৩ এর পৃষ্ঠার পর) প্রশাসনে গুঞ্জন রয়েছে। শিগগির কয়েকটি মন্ত্রণালয়ে সচিব পদে রদবদল হবে বলেও জানা গেছে। প্রসঙ্গত শিক্ষা খাতে কাজের সুবিধার্থে দীর্ঘদিন ধরেই শিক্ষা মন্ত্রণালয়কে ভাগ করার বিষয়টি আলোচিত ছিল।